



শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৩.৩৬.০০৩.২২.৬৫

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯

৩১ অক্টোবর ২০২২

বিষয়: মাউশি অধিদপ্তরের আওতাধীন সকল অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারি এবং সরকারি কলেজ ও সরকারি স্কুলে কর্মরত শিক্ষকগণ ই-লার্নিং প্ল্যাটফর্ম 'মুক্তপাঠ' এর মাধ্যমে 'মাই গভ ওরিয়েন্টেশন কোর্স' সম্পন্নকরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, 'হাতের মুঠোয় সরকারি সেবা' বাস্তবায়নের লক্ষ্যে A2i ও Cabinet Division এর তত্ত্বাবধানে মাউশি অধিদপ্তরের সেবাসমূহ শিক্ষা সংশ্লিষ্ট অংশীজনের জন্য মাই গভ প্ল্যাটফর্ম ব্যবহারের কার্যক্রম চলমান রয়েছে। এই মাই গভ প্ল্যাটফর্ম ব্যবহার করে মাউশি অধিদপ্তরের সংশ্লিষ্ট অংশীজন সংশ্লিষ্ট সেবার জন্য অনলাইনে আবেদন এবং সেবা নিতে পারছেন। তবে, নাগরিকগণের দাখিলকৃত আবেদনসমূহ মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে একজন সরকারি কর্মচারির জন্য এ বিষয়ে একটি ওরিয়েন্টেশনের প্রয়োজনীয়তা রয়েছে। সরকারি কর্মকর্তা-কর্মচারিগণ মাইগভ প্ল্যাটফর্ম সম্পর্কে দ্রুততম সময়ে অনলাইনে একটি ধারণা পেতে পারেন এ লক্ষ্যে ই-লার্নিং প্ল্যাটফর্ম 'মুক্তপাঠ' এ 'মাইগভ ওরিয়েন্টেশন কোর্স' প্রস্তুত করা হয়েছে। কোর্সটি সফলভাবে সম্পন্ন হলে মাইগভ প্ল্যাটফর্মের প্রায়োগিক ব্যবহার ও সেবাপ্রদান কৌশল রপ্ত করতে পারবেন।

এমতাবস্থায়, মাউশি অধিদপ্তরের আওতাধীন সকল অফিস, সরকারি কলেজ এবং সরকারি স্কুলে কর্মরত কর্মকর্তা ও শিক্ষকগণ ই-লার্নিং প্ল্যাটফর্ম 'মুক্তপাঠ' এর মাধ্যমে 'মাই গভ ওরিয়েন্টেশন কোর্স' সম্পন্নের জন্য অনুরোধ করা হলো।

'মাইগভ' কোর্সটির ওয়েব লিংকঃ <https://muktopaath.gov.bd/course-details/858>

৩১-১০-২০২২

অধ্যাপক নেহাল আহমেদ

মহাপরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর [সংশ্লিষ্ট উইং এর সকল কর্মকর্তা ও কর্মচারীরকে কোর্সটি সম্পন্ন করার নির্দেশনা প্রদানের অনুরোধ সহ]
- ২) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল [সংশ্লিষ্ট দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীরকে কোর্সটি সম্পন্ন করার নির্দেশনা প্রদানের অনুরোধ সহ]
- ৩) অধ্যক্ষ, সকল সরকারি কলেজ [সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও কর্মচারীরকে কোর্সটি সম্পন্ন করার নির্দেশনা প্রদানের অনুরোধ সহ]
- ৪) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা) [সংশ্লিষ্ট দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীরকে

কোর্সটি সম্পন্ন করার নির্দেশনা প্রদানের অনুরোধ সহ]

৫) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা [সংশ্লিষ্ট দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীরকে কোর্সটি সম্পন্ন করার নির্দেশনা প্রদানের অনুরোধ সহ]

৬) প্রধান শিক্ষক, সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয় [সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও কর্মচারীরকে কোর্সটি সম্পন্ন করার নির্দেশনা প্রদানের অনুরোধ সহ]

৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা [সংশ্লিষ্ট দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীরকে কোর্সটি সম্পন্ন করার নির্দেশনা প্রদানের অনুরোধ সহ]

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৩.৩৬.০০৩.২২.৬৫/১

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯
৩১ অক্টোবর, ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৩১-১০-২০২২

খন্দকার আজিজুর রহমান
সিনিয়র সিস্টেম এনালিস্ট